ISO 9001:2015 Certified

নির্বাচন কমিশন
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর এলাকা নং- ০১, ০৬ এবং ০৭ এর এলাকা পরিচালক নির্বাচন সম্পর্কে গ্রাহক-সদস্যদের জন্য

জ্ঞাতব্য বিজ্ঞপ্তি

০১। এলাকা পরিচালক পদে নির্বাচন সূচীঃ

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর বাই'ল অনুযায়ী ০১, ০৬ এবং ০৭ নম্বর এলাকার এলাকা পরিচালক পদে নির্বাচনের ভোট গ্রহন নিম্ন বর্ণিত সময় সূচী অনুযায়ী অনুষ্ঠিত হইবে:-

এলাকা নং	আওতাভূক্ত ইউনিয়ন	উপজেলা	পরিচালকের মেয়াদকাল	ভোট কেন্দ্র	ভোট গ্রহণের তারিখ ও বার	ভোট গ্রহণের সময়
০১	ফেনী পৌরসভা (আংশিক), শর্শদী, ধর্মপুর, বালিগাঁও, পাঁচগাছিয়া, কালিদহ ও কাজিরবাগ।	ফেনী সদর	০৩ (তিন) বৎসর বা ফলাফল ঘোষণার পরবর্তী ৩য় বার্ষিক সদস্য সভা- যাহা আগে ঘটিবে।	আলহাজ্ব কোব্বাদ আহাম্মদ আদর্শ উচ্চ বিদ্যালয়, মহিপাল, ফেনী।	১৮/০১/২০২৩ বুধবার	সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।
০৬	সোনাগাজী পৌরসভা, সোনাগাজী, নবাবপুর, আমিরাবাদ, চরচান্দিয়া, চরমজলিশপুর, বগাদানা, মতিগঞ্জ, মঙ্গালকান্দি ও চরদরবেশ।	সোনাগাজী	০৩ (তিন)বৎসর বা ফলাফল ঘোষণার পরবর্তী ৩য় বার্ষিক সদস্য সভা – যাহা আগে ঘটিবে।	সোনাগাজী মোহাম্মদ ছাবের মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, সোনাগাজী, ফেনী।	১৯/০১/২০২৩ বৃহস্পতিবার	সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।
০৭	পরশুরাম পৌরসভা, চিথলিয়া, বক্সমাহমুদ ও মির্জানগর	পরশুরাম	০৩ (তিন)বৎসর বা ফলাফল ঘোষণার পরবর্তী ৩য় বার্ষিক সদস্য সভা – যাহা আগে ঘটিবে।	কবি সামছুর নাহার মাহমুদ পাইলট বালিকা উচ্চ বিদ্যায় পরশুরাম, ফেনী।	২১/০১/২০২৩ শনিবার	সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাই'ল ১৯৭৮ এবং সমিতির বাই'ল আর্টিক্যাল ০৮ এর ০২ ও ০৩ ধারা অনুযায়ী সমিতির উপরোল্লিখিত এলাকার বৈধ গ্রাহক - সদস্যগণের প্রত্যক্ষ ভোটে তাঁহাদের মধ্য হইতে এলাকা ভিত্তিক পৃথক -পৃথক নির্বাচনের মাধ্যমে এলাকা পরিচালক নির্বাচিত হইবেন।

০২। কে পরিচালক পদে প্রার্থী হইতে পারিবেনঃ

(ক) যে এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে, সেই এলাকায় স্থায়ী ভাবে বসবাসকারী ;
(খ) যে গ্রাহক-সদস্যের নাম নির্বাচন উপলক্ষে প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইয়াছে ;
(গ) যিনি সমিতির সংশ্লিষ্ট এলাকার গ্রাহক-সদস্য হিসাবে সমিতি হইতে সদস্য সার্টিফিকেট প্রাপ্ত হইয়াছেন, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করিয়াছেন, পিডিবি এর নিকট হইতে অধিগ্রহণকৃত গ্রাহক-সদস্যগণ তাঁহাদের সকল প্রকার বকেয়া (পবিস/পিডিবি) পরিশোধ করিয়াছেন (এমনকি অনুমোদিত কিস্তি থাকিলেও সকল অনুমোদিত কিস্তি একবারে পরিশোধ করিয়াছেন এবং যাঁহারা বার্ষিক সদস্য সভার ৯০দিন পূর্বে অর্থাৎ ২৯/১০/২০২২ খ্রিঃ অথবা তৎপূর্বে সমুদয় বিদ্যুৎ বিল পরিশোধ করিয়াছেন) এবং যাঁহার বিধি সম্মত কারণে সদস্য পদ বাতিল করা হয় নাই। উল্লেখ্য যে, একক মালিকানাধীন প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি পরিচালক পদপ্রার্থী হইতে পারিবেন না ;
(ঘ) যাঁহার শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস,এস,সি বা সমমানের। সমমান সম্পর্কে কোন প্রশ্ন দেখা দিলে বিষয়টির উপর নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ;
(ঙ) মনোনয়নের জন্য আবেদন পত্র জমা প্রদানের তারিখে যাহার বয়স ২৫ (পঁচিশ) হইতে ৬৫ (পঁয়ষট্টি) বৎসরের মধ্যে। বয়সের প্রমাণ পত্র হিসাবে মনোনয়ন আবেদন পত্রের সহিত এস, এস, সি অথবা সমমানের পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি জমা প্রদান করিতে হইবে। প্রশংসা পত্র অথবা অন্য কোন প্রমাণ পত্র গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না। বয়সের ব্যাপারে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নহে ;
(চ) বার্ষিক সদস্য সভার ৯০ (নববই) দিন পূর্ব পর্যন্ত সংযোগ গ্রহণকারী গ্রাহক-সদস্যগণ।

০৩। যে এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই এলাকায় বর্তমান পরিচালক পুনরায় প্রার্থী হইতে পারিবেন কি?

সমিতির বাই'ল মোতাবেক পরিচালক প্রার্থীর সকল যোগ্যতা থাকিলে পরিচালকের মেয়াদ কাল {০৩(তিন) মেয়াদ কাল দায়িত্ব পালন ব্যাতিত}শেষ হইতেছে এমন পরিচালক পুনরায় পরিচালক পদে নির্বাচনের প্রার্থী হইতে পারিবেন।

০৪। যে সকল কারণে পরিচালক পদপ্রার্থী অযোগ্য হিসাবে বিবেচিত হইবেনঃ

(ক) যিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/সমিতি বোর্ড কর্তৃক সমিতির পরিচালক পদ হইতে অপসারিত (Removed) বা অব্যাহতি প্রাপ্ত (Relieved)হইয়াছেন ;

(খ) যিনি সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালক হিসেবে ৩ (তিন) মেয়াদকাল (Term) দায়িত্ব পালন করিয়াছেন ;

(গ) যিনি নৈতিক অবক্ষয় জনিত কারণে আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হইয়াছেন ;

(ঘ) যিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পল্লী বিদ্যুৎ সমিতি বা কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত বা অব্যাহতি প্রাপ্ত হইয়াছেন ;

(ঙ) যিনি একই নামে একাধিক সংযোগ গ্রহণ করিয়া সকল সংযোগের বিপরীতে এমনকি পিডিবি বা অন্য কোন বিদ্যুৎ বিতরণী সংস্থা এর (অধিগ্রহণকৃত লাইনেরক্ষেত্রে) পরিশোধযোগ্য সকল বিল পরিশোধ করেন নাই ;

(চ) যিনি কোন রাজনৈতিক দল/সংস্থায় কোন পদে(Office Bearer) নিয়োজিত আছেন ;

(ছ) যিনি কোন স্থানীয় সরকারী সংস্থায় বেতন/ভাতাদি প্রাপ্ত পদে নিয়োজিত আছেন ;

(জ) যিনি কোন সরকারী বা আধা-সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠানে চাকুরীরত আছেন ;

(ঝ) যিনি ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাথে বিদ্যুৎ বা বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবসায় নিয়োজিত বা যে কোন প্রকারে আর্থিকভাবে সম্পৃক্ত কিংবা সমিতির সহিত গ্রাহকদের বৈদ্যুতিক বা প্লাম্বিং যন্ত্রপাতির ব্যবসায় নিয়োজিত আছেন বা পবিসের লাইসেন্স/ওয়ার্ক পারমিট এর আওতায় সমিতির গ্রাহক / গ্রাহক-সদস্যদের হাউজ ওয়্যারিং বা নির্মাণ বা যে কোন ধরনের ব্যবসা বা সেবার কাজে নিয়োজিত ছিলেন / আছেন ;

(ঞ) যিনি পবিস বাই'ল এর আর্টিকেল-৫ এর সেকশান ৭ এর উপ-ধারা এ (i), এ (ii), এ (iii) এবং এ (v) অনুযায়ী (উদ্দেশ্য প্রণোদিত/অসৎ উদ্দেশ্যে পবিস এর সম্পত্তি বা সাজ-সরঞ্জামক্ষতিগ্রস্থ করিবার, বিদ্যুৎ শক্তি ভিন্নদিকে চালিত/চুরি করিবার, বৈদ্যুতিক মিটার/সাজ-সরঞ্জাম টেম্পারিং করিবার, দাপ্তরিক কাজে পবিস এর কর্মকর্তা/কর্মচারী বা তাহার উপর নির্ভরশীল বা সম্পৃক্ত কোন ব্যক্তিকে ভয় প্রদর্শন করিবার, শারীরিক ভাবে লাঞ্চিত করিবার কারণে) সদস্য পদ বাতিলযোগ্য ধারার আওতাভূক্ত কিন্তু পরবর্তীতে উক্ত কারণ নিরসন পূর্বক সমিতি বোর্ড কর্তৃক সদস্যপদ পুনঃবহাল না করা হইলে।

(ট) যিনি কোন পল্লী বিদ্যুৎ সমিতির কোন পদে (নিয়মিত বা চুক্তিভিত্তিক) চাকুরী শেষে (স্বেচ্ছায় অব্যাহতি/অবসর গ্রহণ) করার পরবর্তী কমপক্ষে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হইলে।

০৫। নির্বাচনের জন্য মনোনয়ন পত্রের ফর্ম সংগ্রহ ও বিতরণ পদ্ধতিঃ

এলাকা পরিচালক পদের নির্বাচনে অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থী ''মনোনয়ন ফর্ম'' এর মূল্য বাবদ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরস্থ ক্যাশ কাউন্টারে ৩০০.০০(তিনশত) টাকা (অফেরৎযোগ্য) জমা প্রদান পূর্বক প্রাপ্ত মূল রশিদ এবং প্রার্থীর এস,এস,সি অথবা সমমানের পরীক্ষা পাশের মূল সনদপত্র প্রদর্শন সাপেক্ষে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে অবস্থানরত নির্বাচন কমিশন সদস্যের নিকট হইতে **১৮/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার হইতে ১৯/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার প্রতিদিন সকাল ৯-০০ ঘটিকা হইতে বিকাল ৪-০০ঘটিকা পর্যন্ত (নতুন অফিস সময় বহাল থাকিলে সকাল ৮.০০ ঘটিকা হইতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত)** মনোনয়ন পত্রের ফরম ০১(এক) সেট সহ নিজ এলাকার ভোটার তালিকা (যে তালিকায় ৯০দিন পূর্বে গ্রাহকগণ বিল পরিশোধ করিয়া অথবা সংযোগ গ্রহণ করিয়া ভোটার হইয়াছেন) ও নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিজ্ঞপ্তি সংগ্রহ করিতে পারিবেন ।

০৬। মনোনয়ন পত্র দাখিলের তারিখ ও সময়ঃ

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে নির্বাচন কমিশন প্রধান অথবা তাঁহার মনোনীত প্রতিনিধির নিকট **২০/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার** সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত **(নতুন অফিস সময় বহাল থাকিলে সকাল ৮.০০ ঘটিকা হইতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত)** মনোনয়ন পত্র দাখিল করা যাইবে ।

০৭। কিভাবে পরিচালক পদপ্রার্থীগণ মনোনয়ন পত্র দাখিল করিবেনঃ

পরিচালক পদে নির্বাচনের প্রার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য যে সকল এলাকার পরিচালক পদে নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই সকল এলাকার স্থায়ী ভাবে বসবাসকারী (স্থায়ীভাবে বসবাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র দ্বারা সমর্থিত) বৈধ গ্রাহক-সদস্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাই'ল (সর্বশেষ সংশোধিত)এর ০৮ নং অনুচ্ছেদ এবং সমিতির বাই'ল এর আর্টিক্যাল-০৮ অনুযায়ী সমিতির নির্ধারিত **মনোনয়নের আবেদন পত্র পূরণ এবং উহার প্রতি পাতায় দস্তখত করতঃ ০১(এক) জন বৈধ গ্রাহক-সদস্য (ভোটার তালিকাভুক্ত) কর্তৃক প্রস্তাব এবং অপর ০২(দুই) জন বৈধ গ্রাহক-সদস্য (ভোটার তালিকাভুক্ত) কর্তৃক সমর্থন সূচক স্বাক্ষর গ্রহণ পূর্বক নির্বাচন কমিশন প্রধান** অথবা তাঁহার মনোনীত প্রতিনিধির নিকট মনোয়ন পত্র দাখিলের জন্য ঘোষিত তারিখ ও সময়ের মধ্যে মনোনয়ন পত্র দাখিল করিতে পারিবেন। উল্লেখ্য, মনোনয়ন পত্র দাখিল করিবার সময় প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে ব্যক্তিগতভাবে উপস্থিত থাকিতে হইবে এবং প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে যে, তাঁহারা অন্যকোন এলাকা পরিচালক পদপ্রার্থীর জন্য প্রস্তাব এবং সমর্থন করেন নাই। আরো উল্লেখ্য যে, প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে মনোনয়ন আবেদন পত্রের সহিত এই মর্মে অঙ্গীকার নামা প্রদান করিতে হইবে যে, তাঁহার/তাঁহাদের নিজ নামে একাধিক সংযোগ থাকিলে সকল সংযোগের বিপরীতে সকল বিদ্যুৎ বিল পরিশোধ করা হইয়াছে। **ভোটার তালিকায় নাম থাকিলেও কোন পরিচালক পদ প্রার্থী তার নিজের এবং তার প্রস্তাবক ও সমর্থদের নামে গৃহীত বা বিদ্যমান সকল সংযোগের বিপরীতে বার্ষিক সদস্য সভার পূর্ববর্তী ৯০ (নববই) দিন পূর্বের সকল বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়ন না থাকিলে বা মনোনায়ন আবেদন পত্র বাছাই কালে এরূপ বিল পরিশোধ করার তথ্য /প্রমান না থাকিলে প্রার্থীর মনোনায়ন আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে ।**

০৮। মনোনয়ন পত্র বাছাই ও বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশঃ

২১/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় (নতুন অফিস সময় বহাল থাকিলে বিকাল ৩.০০ ঘটিকায়) বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা সমিতির সদর দপ্তরে প্রকাশ করা হইবে।

০৯। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ তারিখ ও সময়ঃ

২৪/১২/২০২২খ্রিঃ তারিখ রোজ শনিবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাইবে।

১০। মনোনয়ন এর আবেদন চূড়ান্তকরণ, চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রতীক বন্টনঃ

২৪/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার বিকাল ০৩.০০ ঘটিকায় সমিতি সদর দপ্তরের নোটিশ বোর্ডে প্রতীকসহ চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হইবে।

১১। যে সকল গ্রাহক- সদস্য ভোট দিতে পারিবেনঃ

(ক) যে সকল গ্রাহক - সদস্যের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হইয়াছেন তাহারা নিম্নোক্ত বিষয়াবলী প্রতিপালন পূর্বক ভোট দিতে পারিবেন :

(খ) সমিতির বাই'ল আর্টিক্যাল ৫ এ বর্ণিত বৈধ গ্রাহক-সদস্য যিনি সমিতির সভাপতি ও সচিব কর্তৃক স্বাক্ষরিত সমিতির বাই'ল সিডিউল-১ ফরম "খ" এর সদস্য সার্টিফিকেট প্রাপ্ত হইয়াছেন, তিনি নিজ এলাকায় পরিচালক নির্বাচনে ভোট দিতে পারিবেন। তবে বিধি সম্মত কারণে কোন গ্রাহক-সদস্য এর সদস্য পদ বাতিল হইলে তাঁহার সার্টিফিকেট থাকিলেও তিনি ভোট দিতে পারিবেন না।

(গ) বার্ষিক সদস্য সভার ৯০ (নববই) দিন পূর্বে অর্থাৎ ২৯/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত যে সকল গ্রাহক-সদস্য তৎসময়ে পরিশোধ যোগ্য সকল বিদ্যুৎ বিল (যে সকল বিল জরিমানা সহ পরিশোধের সময়-সীমা উত্তীর্ণ হইয়াছে) পরিশোধ করিবেন (৯০ দিন হিসেবে বিল পরিশোধের সর্বশেষ তারিখ সাপ্তাহিক ছুটি বা অন্য কোন সরকারী ছুটির কারণে উক্ত বিল পরবর্তী কার্যদিবসে পরিশোধকারীগণেরও নাম ভোটার তালিকায় অন্তর্ভূক্ত করা হইবে)। উল্লেখিত ৯০(নববই) দিন পূর্বে যাঁহারা খেলাপী গ্রাহক চিহ্নিত হইবেন তাঁহারা বার্ষিক সদস্য সভার ৪৫(পঁয়তাল্লিশ) দিনপূর্বে অর্থাৎ ১৩/১২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সমুদয় বকেয়া বিল (যে সকল বিল জরিমানা সহ পরিশোধের সময়- সীমা উত্তীর্ণ হইয়াছে) পরিশোধ করিলে তাঁহারাও ভোট দিতে পারিবেন। কিন্তু নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন না।

(ঘ) বার্ষিক সদস্য সভার ৯০ (নববই) দিন পূর্ব পর্যন্তসংযোগ গ্রহণকারী গ্রাহক-সদস্যগণ ভোট দিতে পারিবেন।

১২। ভোটার তালিকা প্রকাশ ও সংশোধনঃ

(ক) বার্ষিক সদস্য সভার ৯০(নববই) দিন পূর্বে বিল পরিশোধকারী/সংযোগ গ্রহণকারী গ্রাহকগণের ভোটার তালিকা :

২০/১১/২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার বিকাল ০৩.০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরসহ, যে সমস্ত এলাকায় নির্বাচন হইবে সেই সব এলাকার সংশ্লিষ্ট জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্র ছাড়াও গুরুত্বপূর্ণ সরকারী অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে ০১, ০৬ ও ০৭ নম্বর এলাকা সমূহের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হইবে। **ভোটার তালিকার ব্যাপারে কাহারও কোন আপত্তি থাকিলে বা বৈধ গ্রাহক ভোটার তালিকা হইতে বাদ পড়িলে অথবা অন্য কোন সংশোধনীর দরকার থাকিলে তাহা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদি সহ ২৬/১১/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত সমিতির প্রধান কার্যালয়ে সমিতির জেনারেল ম্যানেজার এর নিকট লিখিত আবেদন করিতে হইবে।** ০৩/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার চূড়ান্ত ভোটার তালিকা বর্ণিত নোটিশ বোর্ড সমূহে বিকাল ৩.০০ ঘটিকার সময় প্রকাশ করা হইবে।

(খ) বার্ষিক সদস্য সভার ৪৫ দিন পূর্বে পরিশোধকৃত খেলাপী গ্রাহকগণের ভোটার তালিকাঃ

১৭/১২/২০২১খ্রিঃ তারিখ রোজ রবিবার বিকাল ৩.০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরসহ, যে সমস্ত এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই সব এলাকার সংশ্লিষ্ট জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্র ছাড়াও গুরুত্বপূর্ণ সরকারী অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে ০১, ০৬ ও ০৭ নম্বর এলাকা সমূহের বৈধ গ্রাহক-সদস্য যাঁহারা ৯০ (নববই) দিন পূর্বে বিল পরিশোধে ব্যর্থ হইয়াছেন; কিন্তু বার্ষিক সদস্য সভার ৪৫(পঁয়তাল্লিশ) দিন পূর্বে অর্থাৎ ১৩/১২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে বিল পরিশোধ করিয়াছেন তাঁহাদের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হইবে। **উক্ত ভোটার তালিকার ব্যাপারে কাহারও কোন আপত্তি থাকিলে বা বৈধ গ্রাহক ভোটার তালিকা হইতে বাদ পড়িলে অথবা অন্য কোন সংশোধনীর দরকার থাকিলে তাহা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদিসহ ২১/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ০২.০০ ঘটিকা পর্যন্ত সমিতির জেনারেল ম্যানেজার এর নিকট লিখিত আবেদন করিতে হইবে।** ২৪/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার বিকাল ৩.০০ ঘটিকায় চূড়ান্ত তালিকা বর্ণিত নোটিশ বোর্ড সমূহে প্রকাশ করা হইবে এবং চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণের নিকট বিতরণ করা হইবে।

১৩। গ্রাহক-সদস্যগণ কিভাবে ভোট প্রদান করিবেনঃ

যে গ্রাহক-সদস্যের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হইয়াছে তিনি স্বয়ং নির্বাচন কেন্দ্রে উপস্থিত হইয়া অবশ্যই ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রদত্ত ছবিযুক্ত লেমিনেটেড সদস্য সার্টিফিকেট অথবা নভেম্বর'২০২২ খ্রিঃ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের কপি প্রদর্শন করিয়া নিজ এলাকার কাউন্টার হইতে ব্যালট পত্র সংগ্রহ করতঃ নিজ পছন্দমত প্রার্থীর নামের প্রতীকের পার্শ্বে নির্ধারিত সীল প্রদান পূর্বক ব্যালটটি ভাজ করতঃ ব্যালট বাক্সে ফেলিয়া ভোটদান সম্পন্ন করিবেন। ভোটার তালিকায় নাম থাকিলেও ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রদত্ত ছবিযুক্ত লেমিনেটেড সদস্য সার্টিফিকেট অথবা নভেম্বর'২০২২ খ্রিঃ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের কপি সংগে না আনিলে ভোট প্রদান করিতে পারিবেন না।

১৪। সদস্য সার্টিফিকেট হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে নুতন সার্টিফিকেট ইস্যু করণঃ

কোন গ্রাহক-সদস্যের নামে পূর্বে ইস্যুকৃত সদস্য সার্টিফিকেট হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে আগামী ১০/০১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত ফি, ২(দুই) কপি রঙ্গিন ছবি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্র সহ পবিস এর সদর দপ্তরে জেনারেল ম্যানেজার বরাবর আবেদন পূর্বক নূতন সদস্য সার্টিফিকেট গ্রহণ করিতে পারিবেন।

১৫। একজন গ্রাহক-সদস্য কয়টি ভোট দিতে পারিবেনঃ

একজন গ্রাহক-সদস্য এক নামে একাধিক সংযোগ গ্রহণ করিলেও তিনি কোন এক নির্ধারিত সংযোগের বিপরীতে একটি মাত্র ভোট দিতে পারিবেন।

১৬। অন্যান্য সংস্থার প্রতিনিধি কিভাবে ভোট দিবেনঃ

পরিচালনা কমিটি দ্বারা পরিচালিত সংস্থা যেমন শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, আশ্রম বা অন্য কোন প্রতিষ্ঠান এর ব্যবস্থাপনা কর্তৃক মনোনীত প্রতিনিধি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ হইতে লিখিত মনোনয়ন পত্র এবং ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত সদস্য সার্টিফিকেট প্রদর্শন সাপেক্ষে ভোট দিতে পারিবেন।

১৭। নির্বাচন অনুষ্ঠান তত্ত্বাবধান,ব্যালট গণনা ও ফলাফল ঘোষণাঃ

পবিস বাই'ল আর্টিক্যাল ৮ এর ২নং ধারা অনুযায়ী বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠানের তত্ত্বাবধান,ব্যালট গণনা ও পরিচালনা এবং বার্ষিক সদস্য সভার দিনে গ্রাহক-সদস্যদের উপস্থিতিতে নির্বাচনের ফলাফল ঘোষণা করিবেন। নির্বাচন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশনের রায় চূড়ান্ত হিসাবে গণ্য হইবে। তবে নির্বাচন সম্পর্কে কোন আপত্তি থাকিলে নির্বাচন সম্পন্ন হইবার ০৩(তিন) দিনের মধ্যে সমিতির সদর দপ্তর (ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী) এ উপস্থিত নির্বাচন কমিশনের সদস্যের নিকট প্রার্থী কর্তৃক নির্বাচন কমিশন বরাবরে লিখিত আপত্তি পেশ করিতে হইবে।

১৮। নির্বাচিত পরিচালক কতদিন উক্ত পদে বহাল থাকিবেনঃ

নির্বাচিত এলাকা পরিচালক, নির্বাচিত ঘোষিত হইবার দিন হইতে কোন কারণবশতঃ পদচ্যুত না হইলে বা স্বেচ্ছায় পদত্যাগ না করিলে অত্র জ্ঞাতব্য বিজ্ঞপ্তির ১নং অনুচ্ছেদের ৪নং কলামে (পরিচালকের মেয়াদকাল) বর্ণিত মেয়াদ পর্যন্ত উক্ত পদে বহাল থাকিবেন।

১৯। বার্ষিক সদস্য সভা অনুষ্ঠানের তারিখঃ

সমিতি বোর্ডের সিদ্ধান্ত (নং-০১/৪৫৩/২২) মোতাবেক ২৮/০১/২০২৩খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ০৯.০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরে বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হইবে (অনিবার্য কারণে বার্ষিক সদস্য সভার তারিখ পরিবর্তনযোগ্য)।

২০। পিডিবি এর নিকট হইতে অধিগ্রহণকৃত গ্রাহকগণেরক্ষেত্রেঃ

যাহারা ইতিপূর্বে পিডিবি এর গ্রাহক ছিলেন কিন্তু ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদস্যপদ গ্রহণ করেন নাই এবং যাহাদের নিকট এখনও বকেয়া পাওনা আছে তাঁহারা আগামী ২৯/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পিডিবি/পবিস এর সকল বকেয়া পাওনা (যদি থাকে) পরিশোধ পূর্বক এমনকি অনুমোদিত কিস্তি থাকিলেও সকল অবশিষ্ট কিস্তি একসাথে পরিশোধ করিয়া সদস্যপদের জন্য নির্ধারিত ফি সহ সমিতির সদর দপ্তর বা সংশ্লিষ্ট জোনাল অফিস এ আবেদন করিলে এবং যথাসময়ে সদস্য সনদপত্র লাভ করিলে বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে এলাকা পরিচালক নির্বাচনে অংশগ্রহণ এবং ভোট প্রদান করিতে পারিবেন।

তারিখঃ ২১ /০৯/২০২২ খ্রিঃ।

21/09/22

(মোঃ শাহজাহান আলী)
রিটার্নিং অফিসার ও নির্বাচন কমিশন প্রধান
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
এবং
নির্বাহী প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন প্লানিং এন্ড ডিজাইন বিভাগ,
প্রধান প্রকৌশলী (প ও প) এর দপ্তর, বাপবিবো, ঢাকা ।